অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/18/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল অরলিন্স কাউন্টির ইয়েটস শহরে স্থিতিস্থাপকতা প্রকল্পের নির্মাণ কাজ শুরু হওয়ার কথা ঘোষণা করেছেন

2.5 মিলিয়ন মার্কিন ডলারের পার্কের উন্নতিসাধনের প্রকল্পটি ভবিষ্যতে বন্যা হয় প্রশমিত করবে; জনপ্রিয় বিনোদন এলাকার আপগ্রেডে যোগসাধন করা অঞ্চলের বাসিন্দা এবং দর্শনার্থীদের উপকৃত করবে

স্টেটের স্থিতিস্থাপকতা এবং অর্থনৈতিক উন্নয়ন উদ্যোগের মাধ্যমে প্রকল্পটির অনুদান প্রদান করা হয়েছে

উপকূলীয় কমিউনিটির জন্য বরাদ্দ করা মোট 300 মিলিয়ন মার্কিন ডলারের মধ্যে আঞ্চলিক ড্রেজিংয়ের জন্য 15 মিলিয়ন মার্কিন ডলার, এবং বেসরকারি ব্যবসা প্রতিষ্ঠানগুলোর জন্য 30 মিলিয়ন মার্কিন ডলার, এবং বাড়ির মালিকদের সহায়তার জন্য 20 মিলিয়ন মার্কিন ডলার অন্তর্ভুক্ত আছে

গভর্নর ক্যাথি হোচুল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেটের স্থিতিস্থাপকতা এবং অর্থনৈতিক উন্নয়ন উদ্যোগের (Resiliency and Economic Development Initiative, REDI) অংশ হিসেবে অরলিন্স কাউন্টির ইয়েটস শহরে 2.5 মিলিয়ন মার্কিন ডলারের একটি স্থিতিস্থাপকতা প্রকল্পের নির্মাণ কাজ শুরু হয়েছে। ইয়েটস টাউন পার্ক একমাত্র সর্বজনীন বিনোদনের স্থান হিসেবে কাজ করে যার সাথে লেক অন্টারিওর সরাসরি প্রবেশাধিকার রয়েছে, যেখানে এক একরেরও বেশি বিনোদনের জন্য খোলা জায়গা রয়েছে, একটি প্যাভিলিয়ন এবং পিকনিকের এলাকা সহ। পার্কটি শহরের বাসিন্দা এবং দর্শনার্থীদের, উভয়ের জন্যই একটি জনপ্রিয় গন্তব্য স্থল। 2019 সালের ঐতিহাসিক বন্যার সময় পার্কটি উপকূলরেখা বরাবর যথেষ্ট ক্ষয়ক্ষতির সম্মুখীন হয়েছিল। বিনোদনমূলক স্থানটি পানিতে ডুবে যায় পানি নিষ্কাশনের ব্যবস্থা খারাপ হওয়ার ফলে, যার জন্য পার্কের ভ্রমণকারীদের জন্য নিরাপত্তার ঝুঁকি তৈরি হয় এবং পার্কের ব্যবহারে বাধা আসে। যে স্থিতিস্থাপকতার কাজটি করা হবে তা উপকূলরেখাকে স্থিতিশীল করবে, ভবিষ্যতের বন্যা প্রশমিত করবে এবং উচ্চ জলের ইভেন্টের সময় ইয়েটস টাউন পার্কে অব্যাহত প্রবেশাধিকার নিশ্চিত করবে। পার্কটি 18 অক্টোবর জনসাধারণের জন্য বন্ধ হয়ে যাবে এবং নির্মাণের সময়কালের জন্য বন্ধ থাকবে।

"স্থিতিস্থাপকতা এবং অর্থনৈতিক উন্নয়ন উদ্যোগের (Resiliency and Economic Development Initiative, REDI) মাধ্যমে, নিউ ইয়র্ক স্টেট অন্টারিও লেকের উপকূলীয় সম্প্রদায়গুলির কাছে

জলবায়ু পরিবর্তনের প্রভাবের বিরুদ্ধে লড়াইয়ে তাদের সহায়তা করার প্রতিশ্রুতি অব্যাহত রেখেছে," **গভর্নর হোচুল বলেন।** "আমাদের পরিকাঠামো শক্তিশালী এবং নির্ভরযোগ্য এবং আমাদের উপকূলরেখা সুরক্ষিত তা নিশ্চিত করা আমাদের বাসিন্দাদের সুরক্ষা এবং তার সাথে উপকূলবর্তী সম্প্রদায়গুলির অর্থনীতির সুরক্ষার জন্য গুরুত্বপূর্ণ। টাউন অফ ইয়েটস পার্ক সম্প্রসারণ প্রকল্প ঠিক তাই করবে, সেই সাথে শহরের বাসিন্দা এবং দর্শনার্থী, উভয়ের জন্য বিনোদনের সুযোগ বাড়াবে।"

এই প্রকল্পে বাস্তবায়নের জন্য স্থিতিস্থাপকতা এবং পার্কের উন্নতিসাধনের মধ্যে রয়েছে:

- গুরুতর নিষ্কাশন এবং পুকুর তৈরি হওয়ার সমস্যাগুলি সমাধান করার জন্য পার্কের ড্রেনেজ এবং ঝড়ের পানির ব্যবস্থাপনা সিস্টেমে আপগ্রেড;
- নৌকা লঞ্চের স্থানে উপকূলের স্থিতিশীলতা;
- একটি করটপ নৌকা লঞ্চ স্থাপন করা;
- একটি ADA অনুবর্তী মাছ ধরার/পানির প্রবেশাধিকারের জেটির নির্মাণ;
- নতুন খেলার মাঠের সরঞ্জাম, একটি হাঁটার পথ, নতুন প্যাভিলিয়ন, এবং বাথরুম সুবিধা স্থাপন;
- পার্কের পার্কিং এরিয়া সম্প্রসারণ; এবং
- ল্যান্ডস্কেপিং এবং গ্রিনস্পেসের উন্নতিসাধন।

নিউ ইয়র্ক স্টেটের সেক্রেটারি অব স্টেট রোসানা রোসাডো বলেন, "চরম আবহাওয়া এবং জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে স্থিতিস্থাপকতা গড়ে তোলা আমাদের লেক অন্টারিওর উপকূলবর্তী সম্প্রদায়গুলির ভবিষ্যত সমৃদ্ধির জন্য গুরুত্বপূর্ণ। ডিপার্টমেন্ট অফ স্টেটের (Department of State) একটি দীর্ঘ ইতিহাস রয়েছে ইয়েটস টাউনের সাথে তাদের ওয়াটারফ্রন্টে কাজ করার এবং আরও বেশি স্থিতিস্থাপক ইয়েটস টাউন পার্ক তৈরি করার জন্য REDI প্রোগ্রামের মাধ্যমে আমাদের সহযোগিতা চালিয়ে যেতে পেরে গর্বিত। এই গুরুত্বপূর্ণ বিনিয়োগ নিরাপত্তার উন্নতি করবে এবং অন্টারিও হ্রদের ধারে একটি সুন্দর স্থানে অবস্থিত এই জনপ্রিয় গন্তব্য উপভোগ করার জন্য সমস্ত বাসিন্দা এবং দর্শনার্থীদের জন্য ওয়াটারফ্রন্টের অ্যাক্সেস যোগ করবে।"

স্টেট পার্কসের কমিশনার এরিক কুলসেইড বলেন, "নিউ ইয়র্ক স্টেটের অন্টারিও লেকের চারপাশের পরিকাঠামো এবং সম্প্রদায়ের সংস্থানগুলিকে আরো স্থিতিস্থাপক করার প্রচেষ্টায় এটি অগ্রসর হওয়ার আরেকটি ধাপ। আমি ইয়েটস শহরকে অভিনন্দন জানাই এই পার্কল্যান্ডকে সম্প্রদায়ের জন্য আরো ভালো, নিরাপদ এবং আরো সহজলভ্য করার উদ্দেশ্যে কাজ করার জন্য।"

সিনেটর রবার্ট অর্ট বলেন, "ইয়েটস টাউন পার্কে বিনোদনমূলক স্থান সম্প্রসারণ এবং অন্টারিও হ্রদে জলের প্রবেশাধিকার বাড়ানোর মাধ্যমে, নিউইয়র্ক স্টেট REDI কমিশন (New York State REDI Commission) এবং ইয়েটস টাউন অরলিন্স কাউন্টির বাসিন্দাদের জন্য নতুন এবং উত্তেজনাপূর্ণ সবুজ স্থানের সুযোগ দেবে। এই বর্ধিত বহিরঙ্গনের স্থানকে উপকূলবর্তী স্থিতিস্থাপকতার সাথে একত্রিত করা জনসাধারণের কল্যাণের সাথে জননিরাপত্তা ব্যবস্থা

বাস্তবায়নের একটি সৃজনশীল উপায়। আমি আমাদের বাসিন্দাদের এবং আমাদের অঞ্চলের দর্শনার্থীদের সুবিধার জন্য সৃজনশীল পদ্ধতিতে এক সঙ্গে কাজ করার জন্য নিউ ইয়র্ক রাজ্য এবং ইয়েটস শহরকে সাধুবাদ জানাই।"

অ্যাসেম্বলি সদস্য স্টিফেন হাউলি বলেন, "এই প্রকল্পটি নিশ্চিত করবে যে ইয়েটস পার্ককে আগামী কয়েক দশক ধরে উপভোগ করা যাবে, এবং কায়াক এবং প্যাডেল বোটের মতো ছোট জলযানের পরিচালকদের পার্ক এবং লেক উভয়কেই যত ভালোভাবে সম্ভব কাজে লাগাতে সাহায্য করবে। আমাদের পার্ক এবং ওয়াটারফ্রন্ট বজায় রাখার ফলে আমাদের স্থানীয় অর্থনীতি উপকৃত হয়, এটি পরিবারগুলিকে একত্রিত হওয়ার এবং সামাজিকীকরণের জন্য একটি নিরাপদ, নৈসর্গিক জায়গাও প্রদান করে। আমি আনন্দিত যে এই প্রকল্পটি ইয়েটস পার্ক এবং এর ওয়াটারফ্রন্টকে সকলের জন্য নিরাপদ এবং উন্মুক্ত রাখতে অগ্রসর হচ্ছে, এবং তার সাথে আগের চেয়ে আরও উপভোগ্য হয়ে উঠছে।"

টাউন অফ ইয়েটস সুপারভাইজার জেমস সাইমন বলেন, "ইয়েটস টাউন আমাদের রেডি পার্ক প্রকল্পে নির্মাণ শুরু করতে পেরে খুব উচ্ছ্বাসিত! 2017 এবং 2019 সালে হ্রদের পারের বন্যা আমাদের পার্কের উপকূল ধ্বংস করে দেওয়ার পর, পার্কের স্থিতিস্থাপকতা জোরদার করতে এবং লেকে পাবলিক বিনোদনের সুবিধা বৃদ্ধির জন্য আমরা NY স্টেটের দ্বারা সমর্থিত হতে পেরে কৃতজ্ঞ। শহর হিসেবে আমাদের 200তম বার্ষিকীর চূড়ান্ত অনুষ্ঠান হিসেবে আমরা 2022 সালের শরতের শুরুর দিকে আমাদের নতুন পার্কটি পুনরায় চালু করার অপেক্ষায় আছি।"

অন্টারিও লেক এবং সেন্ট লরেন্স নদীর তীরে বন্যা হওয়ার প্রসারিত ধরণের প্রতিক্রিয়া হিসেবে নিউ ইয়র্ক স্টেট REDI প্রতিষ্ঠা করে উপকূলীয় কমিউনিটিগুলির স্থিতিশীলতা বৃদ্ধি করতে এবং অঞ্চলের অর্থনৈতিক উন্নয়ন জোরদার করার জন্য। পাঁচটি REDI আঞ্চলিক পরিকল্পনা কমিটি যা আটটি কাউন্টির অংশগ্রহণে গঠিত (নায়াগ্রা এবং অরলিন্স, মনরো, ওয়েইন, কায়ুগা এবং ওসওয়েগো এবং জেফারসন এবং সেন্ট লরেন্স), স্থানীয় অগ্রাধিকার, ঝুঁকিপূর্ণ পরিকাঠামো এবং অন্যান্য সম্পদ এবং জননিরাপত্তা সংক্রান্ত উদ্বেগ চিহ্নিত করার জন্য প্রতিষ্ঠিত হয়েছিল। REDI কমিশন বাড়ির মালিকদের সাহায্য করার জন্য $20 মিলিয়ন বরাদ্দ করেছিল, ব্যবসা মজবুত করতে $30 মিলিয়ন বরাদ্দ করেছিল এবং রিজিওনাল ড্রেজিংয়ের জন্য $15 মিলিয়ন বরাদ্দ করেছিল যা REDI অঞ্চলের আটটি কাউন্টির উপকার করবে। অবশিষ্ট $235 মিলিয়ন বরাদ্দ করা হয় স্থানীয় এবং আঞ্চলিক প্রকল্পগুলিতে যা REDI এর লক্ষ্য এগিয়ে নিয়ে যেতে এবং বাস্তবায়নে সাহায্য করে।

2019 সালের বসন্তে স্টেটের REDI প্রোগ্রাম তৈরি হওয়ার সময় থেকে, REDI এর অর্থায়নে 134-টি স্থানীয় ও আঞ্চলিক প্রকল্প পরিচালিত হচ্ছে, যার মধ্যে 85-টি প্রকল্প নকশা প্রণয়নের পর্যায়ে রয়েছে, 22-টি প্রকল্পের নির্মাণকাজ চলছে, এবং 27-টি প্রকল্পের কাজ সম্পূর্ণ হয়েছে।

আরো তথ্য, প্রোজেক্ট প্রোফাইল ও REDI বিষয়ক সংবাদের জন্য, এখানে ক্লিক করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন